Sound Slap _ Learn & Create Bengali copy

1) Know you machine

এই ভিডিওতে আপনি আপনার সেলাই মেশিনের মৌলিক বিষয়গুলি শিখবেন। এই মূল দিকগুলো জেনে গেলে আপনি আপনার সেলাইয়ের দক্ষতা নিয়ে নতুন-নতুন চেষ্ট্যা করতে পারবেন।

প্রথমেই আপনাকে জানতে হবে কিভাবে সূঁচটা বদলাতে হয়। হ্যাঁ, এই সূঁচগুলো আপনাকে বদলাতেই হবে কারণ এগুলো বরাবর টিকবে না, আর সম্ভবত আপনার রকমারি কাজের জন্যে আপনাকে আলাদা-আলাদা সূঁচ ব্যবহার করতে হবে। এমনকি মৌলিক সেলাই-ফোঁড়াই করলেও আমাদের মতে আপনার সূঁচ বদলানো উচিত, যদি (আপনি) দেখেন সেলাইগুলো আপনার মেনে-চলা সারিপথ থেকে স'রে যাচ্ছে!

সূঁচ বদলানোর জন্যে এই সরল ধাপগুলো মেনে চলুন:

১) সূঁচ ধ'রে রাখার ক্ল্যাম স্ক্রু -টা উল্টোদিকে ঘুরিয়ে আলগা ক'রে নিন

২) সূঁচের ক্ল্যাম থেকে সূঁচটা বার ক'রে নিন। আপনি সূঁচের গায়ে একটা চ্যাপ্টা দিক আর একটা গোল দিক দেখতে পাবেন।

৩) ফেরত রাখার আগে সূঁচটা সাবধানে ওপরদিকে গলিয়ে দিন, যতক্ষণ না সেট মিডল বারের স্টপার অব্দি পৌঁছয় আর চ্যাপ্টা দিকটা যেন মিডল বারের -এর দিকে মুখ করা থাকে। এবার সূঁচেরে ক্ল্যাম স্ক্রু -টা এঁটে দিয়ে সূঁচটা মিডল বার-এ ধ'রে রাখুন।

এবার আপনি শিখবেন কিভাবে ববিন -টা গোটাতে হয়। এটা খুবই জরুরি হয়ে দাঁড়ায় যখন আপনি রঙবেরঙের কাপড় নিয়ে কাজ করেন, আর আপনাকে কাপড়ের সঙ্গে মানানসই সুতো দিয়ে সেলাই করতে হয়।

স্পুল হোল্ডার -টা টেনে তুলে সুতোর রীলটা ওপরে বসিয়ে দিন।

১) এক্সটেশন টেবিল -টা সরিয়ে নিন।

২) ঢাকনাটা খুলে শাটল থেকে ববিন কেশ -টা বার ক'রে নিন।

৩) ববিন কেশ থেকে কে ববিন -টা সরিয়ে নিন।

৪) এবার স্পুল থেকে সুতোটা টেনে বার করুন আর সেটা থ্রেট গাইড -এর নীচ দিয়ে গলিয়ে দিন।

৫) ববিন -এর ভেতরের ছিদ্র দিয়ে ববিন -টার সুতো গলিয়ে দিন, ভেতর থেকে বাইরের দিকে।

৬) এবার ববিন -টা বসিয়ে দিন ববিন উইন্ডলার স্পেন্ডেল-এর ওপর... সুতোর খোলা দিকটা যেন ওপর দিয়ে বেরিয়ে আসে।

৭ ববিন উইন্ডলার স্পেন্ডেল -টা ডানদিকে ঠেলে দিন।

৮) ব্যালান্স হুইল -টা বাইরের দিকে টেনে আনুন যাতে সুতো গোটানোর সময়ে মেশিনটা বিচ্ছিন্ন করে দেওয়া যায়।

৯) দেখানো কৌশলে ববিন থ্রেড -টা ধ'রে স্পুল কন্ট্রোলার -এ চাপ দিয়ে মেশিনটা চালান।

১০) বারদুয়েক ঘুরিয়ে সুতো ভরার পর মেশিনটা থামিয়ে দিন, আর দেখানো কৌশলে ববিন -এর ওপরের বাড়তি সুতো কেটে দিন।

১১) এভাবে চালাতে থাকুন যতক্ষণ না ববিন -টা পুরো ভ'রে যায়। ববিন উইন্ডলার -টা তখন নিজে থেকেই থেমে যাবে।

১২) সুতো কেটে ববিন হোল্ডার -টা বাঁদিকে হেলিয়ে দিন। তারপর ববিন ওয়ানডের স্পুল থেকে ববিন -টা সরিয়ে নিন।

১৩) এবার ববিন -টা ববিন কেশ -এর মধ্যে বসিয়ে দিন সুতোটা যেন টেনশন প্লেট -এর ভেতরদিকে উল্টোমুখে ঘোরে। সুতোটা টেনে দেখে নিনববিন -টা ববিন কেশ -এর মধ্যে উল্টোদিকে ঘুরছে কিনা।

১৪ ববিন কেশ ক্লাচ লিভার -টা ওপরে তুলে ববিন কেশ -টা শাটল এস এম জি -র ভেতরে ঢুকিয়ে দিন।

১৫) এবার শাটল -এর ঢাকনা বন্ধ ক'রে দিন।

১৬) এক্সটেশন টেবিল -টা নিজের জায়গায় বসিয়ে দিন।

এবারে আপনি শিখবেন কিভাবে মেশিনে সুতো পরাতে হয়।

১) সুতো-গ্রহণের লিভার -টা যতটা সম্ভব উঁচুতে ঠেলে তুলুন, নিজের দিকে ব্যালান্স হুইল -টা ঘুরিয়ে দিয়ে।

২) সুতোর প্রান্তমুখ মেশিনের গায়ে ওপরের সুতোর গাইড ১ ঘিরে টেনে দিন।

৩) স্পুল -এর কাছে সুতোটা ধ'রে থাকার সময়ে, নীচে পয়েন্ট ২-তে সুতোর ডগাটা টানুন আর তীরচিহ্ন ধ'রে ফির্তিমুখে ঘুরিয়ে দিন।

৪) সুতোটা শক্তভাবে ওপরে ডানদিক থেকে বাঁদিকে টেনে ৩-তে টেকআপঃ লিভার -এর ওপর নিয়ে যান, তারপর নীচে ৪-এ টেকআপঃ লিভার পর্যন্ত।

৫) ৫-এ সুতোটা বাঁদিকে নিডেল বার থ্রেড গাইড -এর পেছনে গলিয়ে দিন।

৬) খেয়াল রাখবেন যাতে সূঁচটা সর্বোচ্চ অবস্থানে তোলা থাকে। এবার নিডেল থ্রেড -টা নামান, তার মধ্যে দিয়ে সুতোটা চালিয়ে সূঁচে সুতো পরান। (ঠিকভাবে করার জন্যে এটা অভ্যেস ক'রে নেওয়া দরকার - তাই কয়েকবার চেষ্টা ক'রে দেখুন)

৭) সূঁচের সুতোটা বাঁ-হাতে আলতো ক'রে ধরুন, তারপর সূঁচটা নিডেল প্লেট -এ নামিয়ে আনার জন্যে ব্যালান্স হুইল -টা নিজের দিকে ঘোরান। দেখানো কৌশল মেনে নিডেল প্লেট থেকে সূঁচের সুতোয় টান দিয়ে ববিন -এর সুতো ওপরে নিয়ে আসুন।

৮) সুতোটা ধ'রে রেখে প্রেসার ফুট -এর নীচ দিয়ে গলিয়ে দিন।

আর একটা কাজ করলেই আপনার মেশিন পুরোদমে কাজ শুরু ক'রে দেবে - আপনাকে সূঁচের সুতোর টানটা যাচিয়ে দেখতে হবে - এতে বাড়তি সুতোর ফাঁস এড়ানো যাবে যদি তা' আলগা থাকে, নয়তো বারবার সুতো ছিঁড়ে যাবে যদি তা' খুব টানটান থাকে।

সুতোয় টান-পড়ার ডায়ালে ০ থেকে ৯ সংখ্যা দেওয়া আছে। ৯ মানে সবচেয়ে আঁট। ভালো হয় যদি কাপড় সেলাইয়ের জন্যে সুতোর টানটা ৩-তে স্থিত করা থাকে।

এবার যখন আপনার মেশিন সেলাইয়ের জন্যে প্রস্তুত, আপনার শুধু প্যাটার্ন বাছাইয়ের অপেক্ষা... আপনার Usha Janome পাওয়া যায় একাধিক সহনির্মিত প্যাটার্নসহ যা নির্ভর করে কোন্ মডেল কিনছেন তার ওপর... তাই ইচ্ছেমতন পছঃদ করুন! যেমন ধরুন - যদি জিগজ্যাগ স্ট্রিচ বেছে নিতে চান,
প্যার্টান সিলেক্টর ডাইল -টা 'C' তে ঘুরিয়ে দিন। সেলাইয়ের দৈর্ঘ্য স্থির করতে স্ট্রীচলেংথ ডাইল -টা পজিশন ২-তে ঘোরান।

তাহলে আর দেরি কিসের! একটুকরো কাপড় বেছে নিন, আর নিত্যনতুন কৌশলপ্রয়োগ করুন সবরকমের প্যার্টান দিয়ে - আর স্ট্রীচলেংথ -এর সাহায্যে দেখুন কী-কী করতে পারেন... শিগ্‌গিরই একাজে আপনি পটু হয়ে উঠবেন!